# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 22.05.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে ২০১০ সালের পর দেওয়া সমস্ত ওবিসি সার্টিফিকেট বাতিল করেছে কলকাতা হাইকোর্ট। মুখ্যমন্ত্রী এর তীব্র সমালোচনা করে বলেছেন, এই রায় তিনি মানেন না।

২) ভোটের প্রচারে ফের রাজ্যে এসে অমিত শাহ, বিরোধী দলনেতার কোলাঘাটের বাড়িতে পুলিশী তল্লাশি নিয়ে মুখ্যমন্ত্রীকে আক্রমণের নিশানা করেছেন।

৩) শনিবার ষষ্ঠ দফার ভোটের দিন দুর্যোগের পূর্বাভাষ থাকায় পরিস্থিতি মোকাবিলা নিয়ে, নির্বাচন কমিশন এবং রাজ্য প্রশাসন আজ বৈঠকে বসে।

৪) শিলিগুড়ির রামকৃষ্ণ মিশনে হামলার ঘটনায় ধৃত পাঁচজনকে আদালত পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে।

৫) জোড়া ঘূর্ণাবর্ত ও অক্ষরেখার প্রভাবে শনিবার পর্যন্ত দক্ষিণবঙ্গে ঝড়-বৃষ্টির সম্ভাবনা।

oooooooooooooooo

রাজ্যে ২০১০ সালের পর দেওয়া সমস্ত ওবিসি সার্টিফিকেট বাতিল করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি রাজাশেখর মান্থার বেঞ্চ আজ এই নির্দেশ দেওয়ায় প্রায় পাঁচ লক্ষ ওবিসি সার্টিফিকেট বাতিল হয়ে গেল। তবে, যাঁরা এই সার্টিফিকেট ব্যবহার করে ইতমধ্যেই চাকরি পেয়েছেন বা চাকরি পাওয়ার প্রক্রিয়ার মধ্যে রয়েছেন, তাঁদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য নয়।

২০১১-য় তৃণমূল কংগ্রেস সরকার ক্ষমতায় আসার পর, ১৯৯৩ সালের ওয়েস্ট বেঙ্গল ব্যাকোয়ার্ড ওয়েলফেয়ার কমিশন আইন না মেনে, অন্যান্য অনগ্রসর শ্রেনী-ওবিসি শংসাপত্র দেওয়া হচ্ছে বলে ২০১২ সালে হাইকোর্টে মামলা দায়ের হয়েছিল। সেই মামলাতেই আজ এই রায় দিয়েছেন দুই বিচারপতির বেঞ্চ।

এরপর ওবিসিদের তালিকা স্থির করবে কমিশন। সেই তালিকা রাজ্য বিধানসভায় অনুমোদন করাতে হবে।

তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, হাইকোর্টের এই রায়ের তীব্র সমালোচনা করেছেন। উত্তর ২৪ পরগণার খড়দায় আজ নির্বাচনী জনসভায় তিনি বলেন, এই রায় মানেন না তিনি।

( বাইট – মমতা)

oooooooooooooooo

লোকসভা ভোটে ষষ্ঠ দফার প্রচার পর্ব শেষ হচ্ছে আগামীকাল। তার আগে দলীয় প্রার্থীদের সমর্থনে আজ তিনটি জনসভা ও একটি রোড শো করেন প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কোলাঘাটের ভাড়া বাড়িতে পুলিশী তল্লাশি নিয়ে ভূপতিনগর এবং ডেবরার সভায় তিনি প্রশ্ন তোলেন। মমতা ব্যানার্জী ভয় পেয়েই এধরনের কাজ করছেন বলে মন্তব্য করেন শ্রী শাহ্ ।

(বাইট – অমিত শাহ)

পুরুলিয়ার পারাতেও তৃণমূল কংগ্রেস এবং মুখ্যমন্ত্রীকে তিনি আক্রমণের নিশানা করেন। শ্রী শাহ বলেন, এরাজ্যে ৩০-টি বেশি আসন পেলেই যারা টাকা লুঠ করেছে, তাদের বিজেপি উচিত শিক্ষা দেবে ।

(বাইট – শাহ)

পারার জনসভার পর বাঁকুড়ায় বিজেপি প্রার্থীর সমর্থনে স্বরাষ্ট্রমন্ত্রী আজ রোডশো করেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ সভা করেন খড়দা ও পানিহাটিতে। OBC সার্টিফিকেট বাতিল করা নিয়ে কলকাতা হাইকোর্টের রায়ের বিরোধিতা করার পাশাপাশি, সংরক্ষণ নিয়ে প্রধানমন্ত্রী যে সব অসত্য কথা বলছেন, সেব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে না কেন, সেই প্রশ্ন তোলেন তিনি।

(বাইট – মমতা)

OBC সংরক্ষণ নিয়ে মুখ্যমন্ত্রীর বক্তব্যকেই সমর্থন করেছেন, তৃণমূল কংগ্রেস নেতা শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। আজ বিকেলে পুরুলিয়ার পুঞ্চায় দলীয় প্রার্থীর সমর্থনে এক সভায় তিনি বলেন, প্রতিটি জাতি গোষ্ঠীর নিজস্ব মর্যাদা ও আত্ম পরিচয় রয়েছে। আজকের দিনে পরিচিতিভিত্তিক রাজনীতি সবচেয়ে গুরুত্বপূর্ণ। সভায় মহুয়া মৈত্র বলেন, মূল্যবৃদ্ধি নিয়ে নরেন্দ্র মোদী একেবারেই নীরব। মধ্যবিত্ত পরিবারগুলি এখন নিম্নবিত্তে পরিণত হয়েছে।

oooooooooooooooo

ভোটের মুখে দুই মেদিনীপুরে বিজেপি নেতাদের বাড়িতে পুলিশী হানার ঘটনা নিয়ে তৎপর হয়েছে নির্বাচন কমিশন।

বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কোলাঘাটের ভাড়া বাড়ি এবং খড়গপুর ও মেদিনীপুরে ঘাটালের বিজেপি প্রার্থী হিরন্ময় চট্টোপাধ্যায়ের আপ্ত সহায়কের বাড়ি সহ তিন জায়গায় পুলিশী তল্লাশির

ব্যাপারে কমিশন অ্যাকশন টেকেন রিপোর্ট তলব করেছে। ২৪ ঘণ্টার মধ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে এই রিপোর্ট পাঠাতে হবে।

এদিকে, পুলিশি অভিযানের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে মামলা করেছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং ঘাটালের বিজেপি প্রার্থী হিরণ চট্টোপাধ্যায়। বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে মামলা করেছেন তাঁরা।

oooooooooooooooo

নির্বাচন কমিশনের নির্দেশিকাকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টে মামলা করলেন প্রাক্তন বিচারপতি ও তমলুকের বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সম্পর্কে অবমাননাকর মন্তব্যের জন্য তাঁকে কড়া ভাষায় সতর্ক করেছিল কমিশন। সেই সঙ্গে তাঁর প্রচারে ২৪ ঘন্টা নিষেধাজ্ঞা জারি করা হয়েছিল।

কমিশনের নির্দেশিকায় তাঁর সম্পর্কে যেসব মন্তব্য করা হয়েছে তা অবাঞ্ছিত এবং এর ফলে তাঁর মানহানি হয়েছে বলে জানিয়েছেন অভিজিৎবাবু।

oooooooooooooooo

বিজেপির নির্বাচনী বিজ্ঞাপনে নিষেধাজ্ঞা নিয়ে কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চের নির্দেশ বহাল রাখল ডিভিশন বেঞ্চ। আজ প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ জানিয়েছেন, বিজেপির নির্বাচনী বিজ্ঞাপন নিয়ে সিঙ্গল বেঞ্চের নির্দেশে হস্তক্ষেপ করবেন না তারা। বেঞ্চের পর্যবেক্ষণ, যেকোনো বিজ্ঞাপনের একটা লক্ষ্মণরেখা থাকা উচিত।

oooooooooooooooo

কলকাতার দক্ষিণের নির্বাচনী আধিকারিক, ভূমি সংস্কার দফতরের যুগ্ম কমিশনার রশ্মি কমল এবং বসিরহাটের অতিরিক্ত জেলা শাসক দিব্যা লোগানাথনকে সরিয়ে দিল নির্বাচন কমিশন। বসিরহাটের অতিরিক্ত জেলাশাসক নিযুক্ত হয়েছেন, আকাঙ্খা ভাস্কর।

oooooooooooooooo

ষষ্ঠ দফার লোকসভা ভোটের দিন দুর্যোগের পূর্বাভাষ থাকায় বাড়তি আশঙ্কা তৈরি হয়েছে। দুর্যোগ মোকাবিলার প্রস্তুতি শুরু হয়েছে আগেভাগেই। সম্ভাব্য দুর্যোগ মোকাবিলারর প্রস্তুতি নিয়ে আজ নবান্নে সমস্ত জেলার জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা। আগামীকাল থেকেই জেলায় জেলায় আলাদা আলাদা করে কন্ট্রোল রুম চালু করার জন্য মুখ্য সচিব নির্দেশ দিয়েছেন বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে ।

এদিকে দুর্যোগের আবহে ভোটগ্রহণ নিয়ে এদিন উচ্চ পর্যায়ের বৈঠকে বসে নির্বাচন কমিশনও। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব সহ কমিশনের কর্তারা উপকূলীয় জেলার জেলাশাসক, রাজ্যের বিপর্যয় মোকাবিলা দফতর ও আবহাওয়া দফতরের কর্তাদের সঙ্গে এদিন বৈঠক করেন।

oooooooooooooooo

শিলিগুড়ির সেবক রোডের সালুগাড়ায় রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসীদের ওপর জমি মাফিয়া ও দুষ্কৃতিদের হামলার ঘটনায় ধৃত পাঁচজনকে জলপাইগুড়ি আদালত ৫ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে। মূল অভিযুক্ত প্রদীপ রায় এখনও অধরা। এর আগে শিলিগুড়ির ডেপুটি পুলিশ কমিশনার দীপক কুমার সাংবাদিক বৈঠক করে জানান, আশ্রমের জমির বর্তমান মালিকানা রামকৃষ্ণ মিশনের।

০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ – পশ্চিম  বঙ্গোপোসাগর এবং তার সংলগ্ন পশ্চিম – মধ্য বঙ্গোপোসাগরের ওপর একটি নিম্নচাপ ক্ষেত্র তৈরি হয়েছে। এর সঙ্গে যুক্ত ঘূর্ণাবর্তটি এখন বিস্তৃত রয়েছে সমুদ্রতলের ৭ দশমিক ৬ কিলোমিটার ওপরে। শুক্রবার সকাল নাগাদ এটি গভীর নিম্নচাপে পরিণত হবে। এরপর উত্তর-পূর্ব দিকে এগিয়ে আরও শক্তি সঞ্চয় করবে এই নিম্নচাপ।

অন্যদিকে, পূর্ব বাংলাদেশ ও সংলগ্ন পশ্চিমবঙ্গের ওপর বিস্তৃত রয়েছে আর একটি ঘূর্ণাবর্ত। এরই সঙ্গে অক্ষরেখা প্রসারিত রয়েছে উত্তর-পশ্চিম রাজস্থান থেকে বাংলাদেশ পর্যন্ত। এই ত্রয়ী-র প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের অনেক জেলায় ২৫-শে মে শনিবার পর্যন্ত বজ্রবিদ্যুৎ সহ ঝড়বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর ।

মৎস্যজীবীদের আগামীকাল থেকে রবিবার পর্যন্ত সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০